

রেজিস্টার্ড নং ডি এ-১ “জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের
জন্মশতবার্ষিকী উদ্‌যাপন সফল হোক”

বাংলাদেশ



গেজেট



অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

রবিবার, ডিসেম্বর ৬, ২০২০

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মন্ত্রিপরিষদ বিভাগ

প্রজ্ঞাপন

ঢাকা, ১৮ অগ্রহায়ণ ১৪২৭/০৩ ডিসেম্বর ২০২০

নম্বর: ০৪.০০.০০০০.৪২১.৬২.০২২.১৯.০১৭—বীর মুক্তিযোদ্ধা এবং আন্তর্জাতিক অপরাধ
ট্রাইব্যুনালের তদন্ত সংস্থার সমন্বয়ক জনাব আব্দুল হান্নান খান গত ২৯ নভেম্বর ২০২০ তারিখে
মৃত্যুবরণ করেন (ইমালিন্গাহি ... রাজিউন)। মৃত্যুকালে তাঁর বয়স হয়েছিল ৭৮ বছর।

২। জনাব আব্দুল হান্নান খান-এর মৃত্যুতে গভীর শোক ও দুঃখ প্রকাশ, তাঁর বিদেহী আত্মার
মাগফেরাত কামনা এবং তাঁর শোকসন্তপ্ত পরিবারের সদস্যদের প্রতি গভীর সমবেদনা জানিয়ে
মন্ত্রিসভার ১৫ অগ্রহায়ণ ১৪২৭/০৩ নভেম্বর ২০২০ তারিখের বৈঠকে একটি শোকপ্রস্তাব গ্রহণ করা হয়।

৩। মন্ত্রিসভার বৈঠকে গৃহীত উক্ত শোকপ্রস্তাব সকলের অবগতির জন্য প্রকাশ করা হলো।

রাষ্ট্রপতির আদেশক্রমে,

খন্দকার আনোয়ারুল ইসলাম
মন্ত্রিপরিষদ সচিব

(১৩২৭৫)
মূল্য : টাকা ৪.০০

মন্ত্রিসভার শোকপ্রস্তাব

ঢাকা : ১৫ অগ্রহায়ণ ১৪২৭
৩০ নভেম্বর ২০২০

বীর মুক্তিযোদ্ধা এবং আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনালের তদন্ত সংস্থার সমন্বয়ক জনাব আব্দুল হান্নান খান গত ২৯ নভেম্বর ২০২০ তারিখে মৃত্যুবরণ করেন (ইন্সাল্লাহি ... রাজিউন)। মৃত্যুকালে তাঁর বয়স হয়েছিল ৭৮ বছর।

জনাব আব্দুল হান্নান খান ১৯৪২ সালে নেত্রকোনা জেলায় জন্মগ্রহণ করেন। তিনি ঢাকা বিশ্ববিদ্যালয় হতে ইংরেজি বিষয়ে এমএ এবং পরে এলএলবি ডিগ্রি অর্জন করেন।

জনাব আব্দুল হান্নান খান ছাত্রাবস্থায় রাজনীতির সঙ্গে সম্পৃক্ত হন। কিশোরগঞ্জের গুরুদয়াল কলেজে ছাত্র থাকাকালে তিনি হামিদুর রহমান শিক্ষা কমিশন আন্দোলনে কিশোরগঞ্জ মহকুমার ছাত্রসংগ্রাম কমিটির সভাপতি ছিলেন। ঢাকা বিশ্ববিদ্যালয়ে অধ্যয়নকালে তিনি আইয়ুববিরোধী আন্দোলনে সক্রিয়ভাবে অংশগ্রহণ করেন। তিনি ১৯৬৪ সালে ডাকসু নির্বাচনে সদস্য নির্বাচিত হয়েছিলেন।

বর্ণাঢ্য কর্মময় জীবনের অধিকারী জনাব আব্দুল হান্নান খান ১৯৬৫ সাল থেকে ব্রাহ্মণবাড়িয়া কলেজ, মৌলভীবাজার কলেজ, ময়মনসিংহের নাসিরাবাদ কলেজ ও জামালপুরের আশেক মাহমুদ কলেজে অধ্যাপনা করেন। তিনি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের উদাত্ত আহ্বানে সাড়া দিয়ে একাত্তরের মুক্তিযুদ্ধে সক্রিয়ভাবে অংশগ্রহণ করেন। ১৯৭৩ সালে তিনি বিসিএস পুলিশ ক্যাডারের প্রথম ব্যাচে যোগদান করেন। পরবর্তী সময়ে ঢাকা মহানগর পুলিশ, পুলিশ সিকিউরিটি সেল ও সিআইডিতে বিভিন্ন পদে দায়িত্ব পালন করেন দক্ষ ও মেধাবী এ কর্মকর্তা। তিনি ১৯৯৬ সালে ‘বঙ্গবন্ধু হত্যা মামলা’র প্রধান তদন্ত তদারকি কর্মকর্তা হিসাবে নিযুক্ত হন। এছাড়া তিনি জেলহত্যা মামলা এবং বুদ্ধিজীবী হত্যা মামলার তদন্ত তদারকি কর্মকর্তা হিসাবে অত্যন্ত দক্ষতা ও নিষ্ঠার সঙ্গে দায়িত্ব পালন করেন। জনাব আব্দুল হান্নান খান ২০০০ সালে ঢাকা রেঞ্জের অতিরিক্ত ডিআইজি হিসাবে সরকারি চাকুরি হতে অবসর গ্রহণ করেন।

জনাব আব্দুল হান্নান খান মানবতাবিরোধী অপরাধের বিচারে গঠিত আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনালের তদন্ত সংস্থার সমন্বয়ক হিসাবে ২০১১ সালে নিযুক্ত হন। উক্ত ট্রাইব্যুনালের তদন্ত সংস্থার সমন্বয়ক হিসাবে তিনি অত্যন্ত দক্ষতা ও নিষ্ঠার সঙ্গে দায়িত্ব পালন করেন।

জনাব আব্দুল হান্নান খান-এর মৃত্যুতে দেশ একজন বীর মুক্তিযোদ্ধা ও আত্মনিবেদিত কর্মকর্তাকে হারাল।

মন্ত্রিসভা জনাব আব্দুল হান্নান খান-এর মৃত্যুতে গভীর শোক ও দুঃখ প্রকাশ করে তাঁর বিদেহী আত্মার মাগফেরাত কামনা এবং তাঁর শোকসন্তপ্ত পরিবারের সদস্যদের প্রতি গভীর সমবেদনা জ্ঞাপন করছে।